

# ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৪৪

8/ উय् (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ ৪/৭৩. মিসওয়াক করা।

باب السِّواكِ

#### আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ، قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ غَيْلاَنَ بْنِ جَرِيرٍ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَوَجَدْتُهُ يَسْتَنُّ بِسِوَاكٍ بِيَدِهِ يَقُولُ " أُعْ أُعْ "، وَالسِّوَاكُ فِي فِيهِ، كَأَنَّهُ يَتَهَوَّعُ.

#### বাংলা

. وَقَالَ ابْنُ عَبَّاسِ بتُّ عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَاسْتَنَّ

ইবনু 'আব্বাস (রাযি.) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট রাত যাপন করেছিলাম। তখন তিনি মিসওয়াক করেন।

২৪৪. আবূ বুরদাহ (রহ.)-র পিতা [আবূ মূসা [রাঃ] হতে বর্ণিত। তিনি বলেনঃ একবার আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এলাম। তখন তাঁকে দেখলাম তিনি মিসওয়াক করছেন এবং মিসওয়াক মুখে দিয়ে তিনি উ' উ' শব্দ করছেন যেন তিনি বমি করছেন। (মুসলিম ২/১৫, হাঃ ২৫৪, আহমাদ ১৯৭৫৮) (আধুনিক প্রকাশনীঃ ২৩৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৪৩)

# **English**

Narrated Abu Burda: My father said, "I came to the Prophet (sallallahu 'alaihi wa sallam) and saw him carrying a Siwak in his hand and cleansing his teeth, saying, 'U' U'," as if he was retching while the Siwak was in his mouth."

# ফুটনোট



[১] তাহাজ্বদের জন্য ঘুম থেকে উঠে ।

## হাদিসের শিক্ষা

### হাদীসের শিক্ষা

- ১. জিহ্বার উপর মিসওয়াক করা। যেমনিভাবে দাঁত ও মাড়ির উপর মিসওয়াক করা হয়।
- ২. মিসওয়াকের ক্ষেত্রে একটু বেশি করলে কোনো সমস্যা নেই।
- ৩. মানুষের উপস্থিতিতেও মিসওয়াক করাতে কোনো অসুবিধা নেই। বিশেষ করে যাদের মিসওয়াকের মাধ্যমে অপরকে গন্ধ বা কষ্ট দেয়ার অবস্থা ও পরিবেশ তৈরি হয় না।
- ৪. এ হাদীস থেকেও প্রমাণিত হয় যে, গাছের কাঁচা ডাল দিয়ে মিসওয়াক করা যাবে।
- ৫. সাহাবায়ে কেরাম কর্তৃক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতিটি অবস্থা ও অবস্থানের যথাযথ বর্ণনা প্রদানের ঐকান্তিক প্রচেষ্টা।

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ মুসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন